**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[কাস্টমস]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ২৪৯-আইন/২০২৬/৭৯/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বেসরকারি বন্দর এবং টার্মিনাল অপারেটর বিধিমালা, ২০২৬ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার পরিশিষ্ট-ক ও পরিশিষ্ট-খ এর পরিবর্তে নিম্নবর্ণিত পরিশিষ্ট-ক ও পরিশিষ্ট-খ প্রতিস্থাপিত হইবে, যথা:-

**"পরিশিষ্ট-ক**
[বিধি ১১(১) দ্রষ্টব্য]

**প্রাপক:**
কমিশনার
---------------------------- (ঠিকানা)।

**বিষয়:** **"বেসরকারি বন্দর এবং টার্মিনাল অপারেটর বিধিমালা, ২০২৬" এর আওতায় লাইসেন্স অনুমোদন/নবায়ন আবেদনপত্র।**

**মহোদয়,**
আমি/আমরা নিম্নোক্ত তথ্যাদি প্রদানপূর্বক উপরোক্ত বিধিমালার আওতায় বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর হিসেবে অনুমোদন/নবায়নের জন্য আবেদন করছি:

**১. আবেদনকারীর নাম ও পূর্ণ ঠিকানা:**
(ক) আবেদনকারীর নাম (বাংলায়): ---------------------------, (ইংরেজিতে): -------------------------
(খ) পূর্ণ ঠিকানা (রেজিস্টার্ড অফিস/ হেড অফিস): --------------------------------------------
(গ) টেলিফোন নম্বর: -----------------------------
(ঘ) ফ্যাক্স নম্বর: -----------------------------
(ঙ) ই-মেইল ঠিকানা: ----------------------------
(চ) পরিচালক/ পার্টনার (গণ) এর নাম ও ঠিকানা: ------------------------------

**২. আবেদনকারীর প্রকৃতি:**
(ক) পাবলিক লিমিটেড কোম্পানি
(খ) প্রাইভেট লিমিটেড কোম্পানি

(গ) এক ব্যক্তি কোম্পানি
(ঘ) পার্টনারশিপ
(ঙ) অন্যান্য (উল্লেখ করুন)
[সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন, আর্টিকেল অফ এসোসিয়েশন এবং মেমোরেন্ডাম (কোম্পানির ক্ষেত্রে) আবেদনের সাথে দাখিল করিতে হইবে]

৩. **প্রস্তাবিত স্থাপনার বিবরণ:** আনলোডিং/লোডিং এলাকা, অপারেশনাল এলাকা, স্ট্যাকিং এলাকা, সংরক্ষণ এলাকা, কাস্টমস অফিস, ইউজার এজেন্সির স্থান ইত্যাদির বিস্তারিত অবস্থান উল্লেখ সহকারে লে-আউট প্ল্যান সংযুক্ত করিতে হইবে।

৪. সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ বা নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অনুমোদন আছে কি? (যদি থাকে, তাহার বিবরণ প্রদান করিতে হইবে);

৫. প্রস্তাবিত প্রাঙ্গনের কার্গো/কনটেইনার হ্যান্ডলিং সক্ষমতা (বিস্তারিত বিবরণ দাখিল করিতে হইবে);

৬. অবকাঠামো ও যন্ত্রপাতির বিবরণ (লোডিং/আনলোডিং, স্ট্যাকিং, কনসলিডেটিং, ডি-কনসলিডেটিং, স্টাফিং, আন-স্টাফিং, সংরক্ষণ ও ডেলিভারি সংক্রান্ত);

৭. নিরাপত্তা ব্যবস্থার বিবরণ (বাউন্ডারি ওয়াল, এন্ট্রি, এক্সিট গেইট, কার্গো প্রবেশ/বহির্গমন, CCTV, নিরাপত্তা টাওয়ার ইত্যাদি);

৮. NII (স্ক্যানার), Weighbridge ও অন্যান্য যন্ত্রপাতির বিবরণ;

৯. কম্পিউটারাইজড সিস্টেম সংক্রান্ত বিবরণ (কার্গো লোকেশন, ডকুমেন্ট প্রসেসিং, ইত্যাদি);

১০. আবেদনকারী ইতোমধ্যেই বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর হিসেব কাজ শুরু করিয়াছে কীনা? (করিয়া থাকিলে তাহার বিবরণ)

১১. আবেদনকারী ইতিপূর্বে কখনো বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর হিসেবে আবেদন করে প্রত্যাখ্যাত হইয়াছে কি না? (হইয়া থাকিলে তাহার বিবরণ)

১২. আবেদনকারী কোনো আইনে (Customs Act, 1969/ কাস্টমস আইন, ২০২৩/ অন্যান্য আইন) দণ্ডিত/অভিযুক্ত হইয়াছেন কিনা?

১৩. নবায়ন আবেদন হলে, পূর্বের অনুমোদন/নবায়নের তারিখ উল্লেখ করুন
**১৪. ঘোষণা:**
আমি/আমরা, ঘোষণা প্রদানের জন্য আইনানুগভাবে ক্ষমতাপ্রাপ্ত এবং প্রদত্ত তথ্য ও দলিলাদি সম্পূর্ণ সত্য। প্রদত্ত তথ্যের কোনোরূপ পরিবর্তন হইলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অবহিত করিবো।

আমি/আমরা, এ সংক্রান্ত বিধিমালা সম্পূর্ণ পড়িয়াছি এবং তাহা পালনে অঙ্গীকারবদ্ধ, এবং প্রদত্ত তথ্যে কোনো ভুল/অসঙ্গতি পাইলে তাহার দায়-দায়িত্ব আমরা বহন করিবো।

তারিখ: -----------------------------------
স্বাক্ষর: -----------------------------------
আবেদনকারী/অধিকৃত স্বাক্ষরকারী
স্থান: -----------------------------------

**বন্ডেড এরিয়া ঘোষণা এবং বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনের জন্য প্রাথমিক অনুমোদন প্রদানের জন্য প্রয়োজনীয় দলিল/প্রমাণক:**

| | | | |
|---|---|---|---|
| **অনুচ্ছেদ-ক** | **বন্ডেড এরিয়া ঘোষণা এবং বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনের জন্য প্রাথমিক অনুমোদন প্রদানের জন্য আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত তথ্য ও দলিলাদি দাখিল করিতে হইবে:** | | |
| ১। | আবেদনকারীর নাম ও ঠিকানা | : | |
| ২। | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | |
| ৩। | বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনের জন্য প্রস্তাবিত স্থান (মৌজা, খতিয়ান ও দাগ নম্বর উল্লেখ করিতে হইবে) | : | |
| ৪। | জায়গার পরিমাণ | : | |
| ৫। | প্রস্তাবিত বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনের যৌক্তিকতা | : | |
| ৬। | নিজস্ব/ক্রয়কৃত/ভাড়া (লিজ) জমি (দলিলের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে) | : | |
| ৭। | নিকটবর্তী মহাসড়ক/রেলওয়ে স্টেশন/সমুদ্র/স্থলবন্দর/বিমান বন্দর হইতে প্রস্তাবিত বেসরকারি বন্দর বা টার্মিনাল এর দূরত্ব (উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে) | : | |
| ৮। | প্রস্তাবিত বেসরকারি বন্দর বা টার্মিনাল এর আগামী ৫ বৎসরে কার্গো হ্যান্ডলিংতব্য মালামালের অভিক্ষেপন (forecast) [মেট্রিক টন] | : | |
| ৯। | প্রতিষ্ঠানটি কর্তৃক বিগত ৫ (পাঁচ) বৎসরে হ্যান্ডলিংকৃত আমদানিকৃত পণ্যের পরিমাণ [মেট্রিক টন] | : | |
| ১০। | প্রতিষ্ঠানটি কর্তৃক বিগত ৫ (পাঁচ) বৎসরে হ্যান্ডলিংকৃত রপ্তানিকৃত পণ্যের পরিমাণ [মেট্রিক টন] (প্রযোজ্য ক্ষেত্রে) | : | |
| ১১। | প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কালিত বিনিয়োগ খরচ ও বাস্তবায়নকাল | : | |
| ১২। | আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, টিআইএন, বিআইএন, ট্রেড লাইসেন্স | : | |
| ১৩। | ওয়্যারহাউসসহ সম্পূর্ণ প্রাঙ্গনের 3D/স্থাপত্য নকশা | : | |
| ১৪। | নির্ধারিত আবেদন ফি জমা রশিদ | | |
| **অনুচ্ছেদ-খ** | **বন্ডেড এরিয়া ঘোষণা এবং বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনের জন্য চূড়ান্ত অনুমোদন প্রদানের জন্য অনুচ্ছেদ-ক এ উল্লিখিত দলিলাদিসহ প্রতিবেদনের সহিত নিম্নবর্ণিত তথ্য ও দলিলাদি দাখিল করিতে হইবে:** | | |
| ১। | অবকাঠামোগত সুবিধাদির বিবরণ (নিজস্ব ও কাস্টমস কর্তৃপক্ষের জন্য অফিস, এজেন্টদের জন্য অফিস, ইয়ার্ড, বাউন্ডারি ওয়াল, গেইট ও গেইট হাউজ, ব্যারাক, নিরাপত্তা টাওয়ার, ওজনের জন্য সুবিধাদি, কার্গো স্ক্যানিং সুবিধা, সিসিটিভি ক্যামেরা সুবিধা, লাইটিং ব্যবস্থা, ফায়ারফাইটিং ইক্যুইপমেন্ট, রিফার প্লাগ পয়েন্ট, কেবিন, টয়লেট, খাবার পানি ইত্যাদি সুবিধাসহ অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি) | : | |
| ২। | যন্ত্রপাতির বিবরণী | : | |
| ৩। | প্রস্তাবিত ট্যারিফ সিডিউল | : | |

| | | | |
|---|---|---|---|
| ৪। | প্রতিষ্ঠানের দীর্ঘ মেয়াদি পরিকল্পনা | : | |
| ৫। | Foreign Exchange Regulation Act, 1947 অনুযায়ী বাংলাদেশ ব্যাংক এর অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) | : | |
| ৬। | পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র | : | |
| ৭। | ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ | : | |
| ৮। | ফায়ার লাইসেন্স | : | |
| ৯। | অগ্নি/দুর্যোগ বীমা সনদ | : | |
| ১০। | কোম্পানির মেমোরান্ডাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | |
| ১১। | বিধিমালায় উল্লিখিত অন্যান্য চাহিদার /প্রমাণপত্র দলিলাদি | : | |
| ১২। | অন্যান্য দলিলাদি (সংশ্লিষ্ট কমিশনারের চাহিদা মোতাবেক) | : | |

**পরিশিষ্ট-খ**

[বিধি ১১(৬) দ্রষ্টব্য]

**প্রস্তাবিত বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর পরিদর্শন কমিটি**

(১) অতিরিক্ত কমিশনার (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট) **আহ্বায়ক**

(২) যুগ্ম কমিশনার **সদস্য**

(৩) উপ/সহকারী পরিচালক (কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর) **সদস্য**

(৪) উপ/সহকারী কমিশনার (কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট) **সদস্য**

(৫) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর উপযুক্ত প্রতিনিধি (সহকারী পরিচালক বা সমমান বা তদূর্ধ্ব) **সদস্য**

(৬) সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি **সদস্য**

(৭) উপ/সহকারী কমিশনার (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট) **সদস্য সচিব"।**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।